দৈনিক ইত্তেফাক

তারিখ 28 MAR 2007
পৃষ্ঠা ৭ কলাম ৬

# পাঁচবিবিতে মাদ্রাসা সুপারসহ ৩ ছাত্র গ্রেফতার

॥ পাঁচবিবি (জয়পুরহাট) থেকে সংবাদদাতা ।

পাঁচবিবিতে জালিয়াতি করে পরীক্ষা দেয়ার সময় এবং তাদের সহযোগিতা করার অপরাধে মাদ্রাসা সুপার আক্কাস আলী ও ৩ ছাত্রকে গ্রেফতার করা হয়েছে। মঙ্গলবার দাখিল আরবি ১ম পত্র পরীক্ষায় জালিয়াতি করে পরীক্ষা দেয়ার সময় উপজেলার পানিয়াল মাদ্রাসার ৩ছাত্র আলমগীর হোসেন, মোস্তাফিজুর রহমান ও ইব্রাহিম হোসেনকে আটক করা হয়। সেই সঙ্গে পরীক্ষায় অংশগ্রণের সুযোগ করে দেয়ার অপরাধে মাদ্রাসা সুপার আক্কাস আলীকেও আটক করা হয়। উল্লেখ্য, উক্ত ৩ ছাত্র ২০০৪ সালে উপজেলার বাঁশখুর মাদ্রাসা থেকে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে পাস করে। পরবর্তীতে ঐ ৩ ছাত্র পানিয়াল মাদ্রাসার সুপার আক্কাস আলীর সহযোগিতায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে এবার পরীক্ষায় অংশগ্রহণ করে। জানা যায়, সুপার নিজের মাদ্রাসার রেজাল্ট ভাল করার জন্য এই কাজ করেছেন। মঙ্গলবার ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট পাচবিবি উপজেলা নির্বাহী অফিসার মমতাজ উদ্দিনের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে এই জালিয়াতি ধরা পড়ে। এ ব্যাপারে মাদ্রাসা কেন্দ্র সচিব সাইফুল ইসলাম পাচবিবি থানায় মামলা করেছেন।